



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষা-২০২১ এর ৪র্থ বিষয় সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি


বিজ্ঞপ্তি নম্বর- রাশিবো/উমা/পনি-২১৪

তারিখ: ২৭/০৭/২০২১

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে- বিশ্বব্যাপী কোভিড-১৯ জনিত অতিমারীর কারণে এ বছর ২০২১ সালের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষা শুধু গ্রুপ ভিত্তিক ৩টি নৈর্বাচনিক বিষয়ে পরীক্ষার সময় ও পরীক্ষার নম্বর হ্রাস করে স্বাস্থ্যবিধি মেনে পরীক্ষা গ্রহণ করা হবে। আবশ্যিক বিষয় ও ৪র্থ বিষয়ের কোন পরীক্ষা গ্রহণ করা হবে না। বিশেষজ্ঞ কমিটির সুপারিশক্রমে জেএসসি/সমমান ও এসএসসি/সমমান পরীক্ষার নম্বরের ভিত্তিতে সাবজেক্ট ম্যাপিং করে আবশ্যিক বিষয় ও ৪র্থ বিষয়ের নম্বর প্রদান করা হবে।

শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ড অনুযায়ী ৪র্থ বিষয়ের নম্বর সাবজেক্ট ম্যাপিং এর মাধ্যমে এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষা- ২০২১ এর ফলাফলে নম্বর প্রদান করা হবে। এক্ষেত্রে উচ্চ শিক্ষায় ভর্তিতে কোন রকমের নেতিবাচক প্রভাব পড়বে না। এ-মুহূর্তে শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে ৪র্থ বিষয় পরিবর্তন বা সংশোধনের কোন সুযোগ নেই।

সংশ্লিষ্ট সকলকে এ বিষয়ে উদ্বিগ্ন না হওয়ার জন্য অনুরোধ করা হলো।



মো. আরিফুল ইসলাম

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

টেলিফোন নম্বর ০৭২১-৭৭৬২৩১